



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/25/2023

গভর্নর ক্যাথি হোকল

ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশন্স-এর সঙ্গে 4-বছর মেয়াদী শ্রম চুক্তি অনুমোদিত হওয়ার বিষয়ে গভর্নর হোকলের আলোকপাত

UUP-এর সদস্যদের বিপুল সমর্থন নিয়ে চুক্তিটি অনুমোদিত হয়েছে

দেশের বৃহত্তম উচ্চতর শিক্ষা বিষয়ক ইউনিয়ন, SUNY সিস্টেমের 37,000-এরও বেশি ফ্যাকাল্টি ও পেশাজীবী UUP-এর সঙ্গে সম্পাদিত চুক্তির আওতাধীন রয়েছেন

চুক্তিতে রয়েছে বার্ষিক বেতন বৃদ্ধি, লোকেশন পে বৃদ্ধি এবং 12 সপ্তাহের সম্পূর্ণ সবেতন প্যারেন্টাল ছুটি

গভর্নর ক্যাথি হোকল আজ ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশন্স (United University Professions)-এর সঙ্গে একটি চার-বছর মেয়াদী শ্রম চুক্তি অনুমোদিত হওয়ার কথা ঘোষণা করেছেন, যে চুক্তির আওতায় SUNY সিস্টেমের 37,000-এর বেশি ফ্যাকাল্টি ও পেশাদার কর্মচারী অন্তর্ভুক্ত রয়েছেন। 1 জুলাই, 2026 পর্যন্ত মেয়াদসম্পন্ন এই চুক্তি, UUP-এর ভোটদানকারী 96.4 শতাংশ সদস্যের অনুমোদন পেয়েছে।

"এই চুক্তি ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশন্স-এর কঠোর পরিশ্রমী সদস্যদের ন্যায্য পারিশ্রমিক প্রদান করবে যারা প্রতিদিন নিউ ইয়র্কের কলেজ শিক্ষার্থীদের উপকৃত করতে নিজেদের অতি গুরুত্বপূর্ণ দক্ষতা প্রয়োগ করে চলেছেন," **বলেছেন গভর্নর হোকল।** "এই চুক্তি চূড়ান্ত করতে সাহায্য করা এবং আমাদের মেধাবী কর্মচারীদের বেতন ও সুবিধাদির মধ্যে যাতে আমাদের স্টেটের প্রতি তাদের গুরুত্বপূর্ণ অবদানের প্রতিফলন ঘটে সে বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে তার অংশীদারিত্বের জন্য আমি প্রেসিডেন্ট কোয়ালের প্রতি কৃতজ্ঞ।"

এই অনুমোদিত চুক্তিতে চুক্তির প্রত্যেক বছরে সম্প্রতি সমঝোতা সম্পন্ন হওয়া অন্যান্য চুক্তির সাথে সঙ্গতি রক্ষা করে পারিশ্রমিক বৃদ্ধির বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, এই চুক্তিতে পারিশ্রমিকের অন্যান্য বৃদ্ধি যেমন একটি এককালীন বোনাস এবং 12 সপ্তাহ পর্যন্ত সম্পূর্ণ বেতন সহ সন্তান লালন-পালনের জন্য ছুটি অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও চুক্তিতে স্বাস্থ্য বীমা কর্মসূচির পরিবর্তন রয়েছে যা নেটওয়ার্কের অন্তর্ভুক্ত চাকরিজীবীদের স্বাস্থ্য বীমার ব্যয়ের সদ্যবহার ও নিয়ন্ত্রণে সাহায্য করতে উৎসাহিত করবে। এছাড়াও চুক্তিতে শ্রম ব্যবস্থাপনা উদ্যোগের জন্য অর্থায়ন রয়েছে।

ইউনাইটেড ইউনিভার্সিটি প্রফেশন্স-এর প্রেসিডেন্ট ফ্রেডরিক ই. কোয়াল, পিএইচডি বলেন, "এই অনুমোদনের ভোটাভুটির ফলাফল নিয়ে আমরা অত্যন্ত আনন্দিত, যেখানে বিপুল সংখ্যাগরিষ্ঠ সদস্যদের এই চুক্তির পক্ষে ভোট দিতে দেখা গেছে। এটি সব সদস্যদের জন্য অর্জন বয়ে আনা একটি চুক্তি, যাদের মধ্যে আমাদের সবচেয়ে কম বেতনের সদস্য, কর্মজীবী বাবা-মা এবং আমাদের পাবলিক টিচিং হাসপাতালের ফ্যাকাল্টি ও কর্মীরা অন্তর্ভুক্ত রয়েছেন যারা মহামারীর সময়ে নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করেছেন। আমরা গভর্নর ক্যাথি হোকলকে আমাদের 37,000 সদস্যকে উপকৃত করবে এমন একটি ন্যায্য, সমতাপূর্ণ চুক্তির ব্যাপারে সমঝোতা করতে তার আগ্রহের জন্য ধন্যবাদ জানাই।"

SUNY-এর চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "SUNY-এর শিক্ষার্থীরা এবং আমরা যেসব কমিউনিটিতে সেবা প্রদান করি সেগুলো SUNY-এর ক্যাম্পাস ও হাসপাতালে আমাদের ফ্যাকাল্টি ও পেশাজীবীদের দক্ষতা ও নিবেদিত প্রচেষ্টার মাধ্যমে দারুণভাবে উপকৃত হয়ে থাকে। এসব ব্যক্তি আমাদের শিক্ষার্থীদের সফলতার জন্য এবং তাদের অধ্যয়নের ক্ষেত্রে অগ্রগতি অর্জনের জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছেন, অপরদিকে অন্যরা সামাজিক চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করা অথবা রোগীদের সেবা করার জন্য নিবেদিত গবেষক ও বিশেষজ্ঞ হিসেবে কাজ করে চলেছেন—যার সবকিছুর কমন লক্ষ্য হলো নিউ ইয়র্ক স্টেটে সেবা প্রদানের ক্ষেত্রে একটি পার্থক্য গড়ে তোলা। আমি প্রেসিডেন্ট কোয়ালকে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই এবং আমাদের ফ্যাকাল্টি ও কর্মীদের অভিনন্দন জানাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418